বিয়ের দিন কনের সাজে পরীক্ষা : *মাথায় হাত পড়েছিল বাড়ির লোকদের। পরীক্ষার তারিখ বিয়ের দিনই। কী হবে? স্নাতকোত্তরের পঞ্চম সিমেস্টারের দিন রাজকোটের শিবাঙ্গীর দাম্পত্য জীবনে প্রবেশেরও দিন। কোনটাকে প্রাধান্য দেবেন, দুটোই যে সমান গুরুত্বের। শিবাঙ্গীর কাছে কিন্তু শিক্ষা প্রথম। আগে পরীক্ষা দেবেন, তারপর বিয়ের পিঁড়িতে। সালংকারা কনের পোশাকে শিবাঙ্গী পরীক্ষা দিতে গেলেন হবু বরকে নিয়ে। বিয়ের আনন্দে গা না ভাসিয়ে সৌরাষ্ট্র বিশ্ববিদ্যালয়ের শিবাঙ্গী বাগাথারিয়া বসলেন পঞ্চম সিমেস্টারে। শিবাঙ্গীর এই দৃঢ়তা অনলাইনে প্রশংসার বন্যা বইয়ে দিয়েছে।*

আইন বাতিলে মন্ত্রীসভার সিলমোহর

কৃষি আইন প্রত্যাহার বিল পাশের অপেক্ষা, কৃষকরা অবশ্য লড়াইয়েই

নয়াদিল্লি, ২৪ নভেম্বর : কেন্দ্র বনাম কৃষক নেতাদের স্নায়ুর লড়াই ক্রমশ তুঙ্গে উঠছে। একদিকে কৃষি আইনগুলি বাতিলের সাংবিধানিক প্রক্রিয়াগুলি পালন করে দেশবাসীর কাছে নিজেদের দায়বদ্ধতা প্রমাণে মরিয়া মোদি সরকার। অপরদিকে ফসলের এমএসপি (ন্যূনতম সহায়কমূল্য)-র গ্যারান্টি চেয়ে নতুন আইন সহ বাকি দাবিদাওয়াগুলি মেনে না নেওয়া পর্যন্ত লড়াই জারি রাখার সিদ্ধান্তে অনড় সংযুক্ত কিষান মোর্চা। কেন্দ্রীয় সরকার অবশ্য দাবি করেছে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি কাজ ফেলে রাখার পাত্র নন। তাই সংসদের আসন্ন শীতকালীন অধিবেশনে যাতে তিনটি কৃষি আইন বাতিল করা যায় সেই সংক্রান্ত একটি বিল বুধবার কেন্দ্রীয় মন্ত্রীসভায় পাশ করানো হয়েছে।

এদিন প্রধানমন্ত্রীর সভাপতিত্বে মন্ত্রীসভার একটি বৈঠক বসে। সেখানে 'ফার্ম লজ রিপিল বিল, ২০২১'-কে সবুজ সংকেত দেওয়া হয়। পরে সাংবাদিক বৈঠকে এসে প্রধানমন্ত্রীর যেমন কথা, তেমন কাজ সুলভ মনোভাবের প্রশংসায় পঞ্চমুখ হন কেন্দ্রীয় মন্ত্রী অনুরাগ ঠাকুর। তিনি বলেন, প্রধানমন্ত্রী ১৯ নভেম্বর কৃষি আইনগুলি বাতিলের কথা ঘোষণা করেছিলেন। পাঁচদিনের মধ্যে ওই প্রতিশ্রুতি রক্ষা করলেন প্রধানমন্ত্রী। সংসদের শীতকালীন অধিবেশনে এই বিলটিকে পাশ করানোই অগ্রাধিকার পাবে কেন্দ্রের কাছে। তবে প্রধানমন্ত্রী এমএসপি'র ব্যাপারে সরকারি কমিটি গঠন করার কথা বলেছিলেন তা নিয়ে এদিন মন্ত্রীসভায় আলোচনা হয়নি। অনুরাগ ঠাকুরও বিশেষ কিছু বলতে চাননি এ ব্যাপারে। তিনি জানান, নিয়ম মেনেই সমস্ত প্রক্রিয়া চলবে।

> "প্রধানমন্ত্রী ১৯ নভেম্বর কৃষি আইনগুলি বাতিলের ঘোষণা করেছিলেন। পাঁচদিনের মধ্যে ওই প্রতিশ্রুতি রক্ষা করলেন। সংসদের শীতকালীন অধিবেশনে এই বিলটিকে পাশ করানোই অগ্রাধিকার পাবে কেন্দ্রের কাছে।
> – অনুরাগ ঠাকুর

তবে এই শুকনো আশ্বাসে বিশ্বাস করতে নারাজ কৃষক নেতা রাকেশ টিকাইত। তিনি টুইটারে লিখেছেন, কৃষকদের ফসলের লোকসান হয়েছে। তাহলে এমএসপি'র দায়িত্ব কারা নেবেন! এমএসপি'র ওপর পাকা গ্যারান্টি কার্ড নিয়েই ফিরব। ভারতীয় কিষান ইউনিয়নের মুখপাত্রের বলেন, তাঁদের আন্দোলন এখনই থামবে না। ২৭ নভেম্বর আমাদের বৈঠকে আন্দোলনের পরবর্তী রূপরেখা তৈরি করা হবে। মোদিজি বলেছেন, কৃষকদের আয় ১ জানুয়ারি থেকে দ্বিগুণ হয়ে যাবে। কীভাবে সেটা হবে আমরা তা জানতে চাই। যেদিন কৃষকরা ফসলের প্রকৃত দাম পাবেন সেদিন আমাদের আন্দোলনের প্রকৃত জয় হবে। কংগ্রেস নেতা কেসি বেণুগোপালও এই দাবিকে সমর্থন করেছেন।

> "মোদিজি বলেছেন, কৃষকদের আয় ১ জানুয়ারি থেকে দ্বিগুণ হয়ে যাবে। কীভাবে সেটা হবে আমরা তা জানতে চাই। কৃষকরা যেদিন তাঁদের ফসলের প্রকৃত দাম পাবেন সেদিন আমাদের আন্দোলনের প্রকৃত জয় হবে।
> – রাকেশ টিকাইট

আগামী ২৬ নভেম্বর কৃষক আন্দোলনের প্রথম বর্ষপূর্তি। সেই উপলক্ষ্যে দেশের নানা প্রান্তে ট্র্যাক্টর মিছিল করার কথা রয়েছে। ২৯ নভেম্বর ট্র্যাক্টর নিয়ে সংসদ অভিযানের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। টিকাইত জানিয়েছেন, ওই দিন নিজেদের দাবিগুলি নিয়ে ৬০টি ট্র্যাক্টর নিয়ে সংসদ পর্যন্ত মিছিল করবে সংযুক্ত কিষান মোর্চা। তাতে প্রায় ১ হাজার কৃষক অংশ গ্রহণ করবেন। তাঁর সাফ কথা, ট্র্যাক্টর রাস্তা দিয়ে যাবে। আমাদের বিরুদ্ধে রাস্তা অবরোধ করে রাখার অভিযোগ উঠেছে। আমরা রাস্ত অবরোধ করিনি। আমরা সরকারের সঙ্গে কথা বলতে চাই। তাই আমরা সরাসরি সংসদে যাচ্ছি। সাড়ে সাতশো কৃষকের মৃত্যু হয়েছে গত একবছরে। সরকারের উচিত, এই মৃত্যুর দায় গ্রহণ করা।

কৃষি কমিটিতে অমিত শা

বিশেষ সংবাদদাতা, নয়াদিল্লি, ২৪ নভেম্বর : সম্প্রতি একটি গেজেট নোটিফিকেশন জারি করা হয়েছে কেন্দ্রের তরফে। আর তাই নিয়ে নতুন করে বিতর্কের দানা বেঁধেছে কেন্দ্রীয় রাজনৈতিক মহলে। সেখানে দেখা যাচ্ছে, কৃষি সংক্রান্ত সংসদীয় স্থায়ী কমিটিতে রয়েছে অমিত শা'র হাতে থাকা সমবায় মন্ত্রক। অর্থাৎ কৃষিমন্ত্রী না হয়েও কৃষিমন্ত্রকের যাবতীয় খুঁটিনাটিতে নজর রাখবেন শা। এই নিয়ে তলায় তলায় ছড়িয়েছে বিক্ষোভ।

এদিন তৃণমূল নেতা তথা আরটিআই কর্মী সাকেত গোখলে টুইট করে লিখেছেন, কৃষি আইন



প্রত্যাহারের প্রতিশ্রুতি পেয়ে বোকা বনে গেলে চলবে না। কৃষি ক্ষেত্রে আরও নিয়ন্ত্রণের পরিকল্পনা করছে কেন্দ্রীয় সরকার। কৃষক নেতৃত্বের দাবি, নাবার্ড, ইফকোর মতো সংস্থার হাজার হাজার কোটি টাকা হাতিয়ে নিতেই এই মন্ত্রকের মাথায় অমিত শা'কে রাখা হয়েছে। সেই একই কারণে এই মন্ত্রককে কৃষি সংক্রান্ত স্থায়ী কমিটিতে অন্তর্ভুক্তি করা হয়েছে বলে দাবি কৃষক সংগঠনের। সারা ভারত কৃষক সভার নেতা হান্নান মোল্লা বলেন, সমবায় আসলে রাজ্যের এক্তিয়ারভুক্ত। একে জোর করে নিজেদের হাতে নিয়েছে মোদি সরকার। এরা রিজার্ভ ব্যাংকের টাকা লুঠ করেছে, বিভিন্ন ব্যাংকের টাকা হাতিয়ে নিতে বেসরকারিকরণ করা হচ্ছে। সেই জন্যই তো সমবায় মন্ত্রকের মাথায় অমিত শা'র মতো লোককে রাখা হয়েছে।

এয়ার ইন্ডিয়া হস্তান্তরের প্রস্তুতি: ডিসেম্বরে এয়ার ইন্ডিয়া টাটা সন্সের হাতে তুলে দিতে চাইছে কেন্দ্রীয় সরকার। কেন্দ্রীয় অসামরিক বিমান পরিবহণ সচিব রাজীব বনশল বুধবার একথা জানিয়েছেন। সম্প্রতি নিলামের মাধ্যমে ১৮ হাজার কোটি টাকার বিনিময়ে প্রায় সাত দশক পর এয়ার ইন্ডিয়ার মালিকানা ফিরে পেয়েছে টাটা সন্স। এয়ার ইন্ডিয়ার ঋণের মোট ১৫৩০০ কোটি টাকা বর্তাবে টাটাদের কাঁধে। কেন্দ্রকে ২৭০০ কোটি টাকা নগদ দেওয়া হবে।

মার্চ পর্যন্ত বিনামূল্যে মিলবে কেন্দ্রের র‍্যাশনও

নয়াদিল্লি, ২৪ নভেম্বর : মোদি সরকারের এখন একমাত্র ধ্যানজ্ঞান উত্তরপ্রদেশের বিধানসভা ভোট তা প্রতিনিয়ত বুঝিয়ে দিচ্ছে। কৃষি আইন বাতিল করাই হোক কিংবা নতুন বিমানবন্দরের শিলান্যাস, সবেতেই উত্তরপ্রদেশের ভোটের টান অনুভব করছে বিজেপি। এবার প্রধানমন্ত্রী গরিব কল্যাণ অন্ন যোজনায় বিনামূল্যে র‍্যাশন দেওয়ার মেয়াদ বৃদ্ধি করার যে সিদ্ধান্ত নেওয়া হয়েছে তার আড়ালেও ওই ভোটের অঙ্ক কাজ করছে বলে মনে করা হচ্ছে। বুধবার মোদির সভাপতিত্বে কেন্দ্রীয় মন্ত্রীসভার এক বৈঠকে গরিব কল্যাণ অন্ন যোজনায় আগামী বছর মার্চ পর্যন্ত বিনামূল্যে র‍্যাশন দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এর ফলে সারা দেশের অগুনতি উপভোক্তা উপকৃত হবেন বলে সাংবাদিক বৈঠকে জানান কেন্দ্রীয় মন্ত্রী অনুরাগ ঠাকুর।

তবে সারা দেশের কথা মুখে বলা হলেও আদতে যে উত্তরপ্রদেশের ভোটের কথা ভেবেই ওই যোজনার মেয়াদ বাড়ানো হয়েছে তাতে কোনও সন্দেহ নেই রাজনৈতিক মহলের। উত্তরপ্রদেশে আগামীবছর ফেব্রুয়ারি-মার্চ নাগাদই বিধানসভা ভোট হওয়ার কথা। গতবছর জাতীয় খাদ্য সুরক্ষা আইনের আওতায় ওই যোজনার ঘোষণা করা হয়েছিল। করোনার কারণে মূলত আর্থিকভাবে অস্বচ্ছল পরিবারগুলিকেই বিনামূল্যে র‍্যাশন দেওয়ার কথা ঘোষণা করা হয়। সম্প্রতি মোদির ছবি সহ ব্যাগে ওই খাদ্যশস্য ভরে তুলে দেওয়া হয় উপভোক্তাদের হাতে। আগামী ৩০ নভেম্বর এই যোজনা শেষ হওয়ার কথা ছিল। অন্ন যোজনায় প্রায় ৮০ কোটি গ্রাহককে বিনামূল্যে পাঁচ কেজি খাদ্যশস্য দেয় কেন্দ্র। এর জন্য কেন্দ্রের অতিরিক্ত ৫৩,৩৪৪ কোটি টাকা খরচ হবে বলে অনুরাগ ঠাকুর জানান। সব মিলিয়ে গরিব কল্যাণ অন্ন যোজনায় কেন্দ্রের খরচের পরিমাণ বেড়ে ২.৬ লক্ষ কোটি দাঁড়াবে বলে তিনি জানান। এর আগে খাদ্যের অধিকার নিয়ে আন্দোলন করেন যাঁরা তাঁরা এই যোজনার মেয়াদ বৃদ্ধি দাবি জানিয়েছিলেন। কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী পীযূষ গোয়েলকে সেই মর্মে একটি চিঠিও দিয়েছিলেন তাঁরা।

ক্রিপ্টোকারেন্সি নিয়ে কড়া পদক্ষেপের ইঙ্গিত কেন্দ্রের

নয়াদিল্লি, ২৪ নভেম্বর : ডিজিটাল মুদ্রা ক্রিপ্টোকারেন্সির অবাধ লেনদেন ঠেকাতে কড়া আইন আনতে চলেছে কেন্দ্র। পুরোপুরি নিষিদ্ধ না হলেও কয়েকটি ছাড়া ভারতে ক্রিপ্টোকারেন্সিতে বিনিয়োগ বন্ধ হতে পারে। এর জন্য শীতকালীন অধিবেশনে 'দ্য ক্রিপ্টোকারেন্সি অ্যান্ড রেগুলেশন অফ অফিশিয়াল ডিজিটাল কারেন্সি বিল পেশ করতে পারে মোদি সরকার।

বিধিনিষেধের সম্ভাবনা জোরাল হতেই ডিজি-মুদ্রার দাম পড়তে শুরু করেছে। সার্বিকভাবে ক্রিপ্টোকারেন্সির দাম কমেছে ১৫ শতাংশ। বিটকয়েনের ক্ষেত্রে যা ১৮.৫৩ শতাংশ। ইথেরিয়াম ও টেথারের দামে পতনের হার যথাক্রমে ১৫.৫৮ শতাংশ এবং ১৮.২৯ শতাংশ। ডিজিটাল মুদ্রা সংক্রান্ত ওয়েবসাইট কয়েনডেস্কের হিসাব বলছে, মঙ্গলবার বিটকয়েনের দাম ৫৫ হাজার ৪৬০ ডলার কমেছে। ভারতীয় মুদ্রায় যা ৪১ লক্ষ টাকার বেশি। এর আগে গত ১৩ অক্টোবর শেষবার বিটকয়েনের দামে এই পরিমাণ পতন নথিভুক্ত হয়েছিল।

আমেরিকা ও ইউরোপে গত কয়েকবছর ধরে ক্রিপ্টোকারেন্সিতে লগ্নি করছেন সাধারণ মানুষ। ভারতে অবশ্য ডিজিটাল মুদ্রায় বিনিয়োগ কয়েকমাস যাবৎ জনপ্রিয় হয়েছে। এদেশে ক্রিপ্টোকারেন্সিতে লগ্নি যেভাবে বাড়ছে তাতে চিন্তায় রিজার্ভ ব্যাংক। বিশেষজ্ঞদের মতে, সহজে টাকা রোজগারের আশায় অনেকে ক্রিপ্টোকারেন্সিতে লগ্নি করে সর্বস্ব হারাতে পারেন। দেশের অর্থনীতির পক্ষেও এই অনিয়ন্ত্রিত বিনিয়োগ-মাধ্যম বড়সড়ো বিপদ ডেকে আনতে পারে। সংসদের অর্থ বিষয়ক স্থায়ী কমিটি ক্রিপ্টোকারেন্সিকে অবৈধ ঘোষণা না করে নিয়ন্ত্রিতভাবে তা চালু রাখার প্রস্তাব দিয়েছে। প্রস্তাব মেনে সংসদে বিল আনছে কেন্দ্র। এ ব্যাপারে অর্থমন্ত্রক ও রিজার্ভ ব্যাংকের কর্তাদের সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক হয়েছে।

রিজার্ভ ব্যাংকের কাঠামোর আওতায় ক্রিপ্টোকারেন্সিতে সীমাবদ্ধ লগ্নির ছাড়পত্র দেওয়া হবে। প্রয়োজনে রিজার্ভ ব্যাংক নিজস্ব ক্রিপ্টোকারেন্সি বাজারে আনতে পারে। সেক্ষেত্রে সরকারি নজরদারিতে ডিজিটাল মুদ্রায় বিনিয়োগ করা সম্ভব হবে। সম্প্রতি এক অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, 'সব গণতান্ত্রিক দেশের উচিত ক্রিপ্টোকারেন্সি নিয়ে একমত হয়ে কাজ করা। আমাদের যুবসম্প্রদায় যাতে বিপথে চালিত না হয় তা নিশ্চিত করতে হবে। এটা এমন একটা সময় যখন প্রযুক্তিও অস্ত্রে পরিণত হতে পারে। আমাদের সতর্ক থাকতে হবে।'

আমেরিকার 'আগ্রাসন' ঠেকাতে রুশ-চিন জোট

মস্কো, ২৪ নভেম্বর : সামরিক সম্পর্ক জোরদার করতে মঙ্গলবার চুক্তি করল রাশিয়া ও চিন। ওখোটস্কো সাগরে মার্কিন বায়ুসেনার সক্রিয়তা ঠেকাতে এই চুক্তি গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে বলে জানান রুশ প্রতিরক্ষামন্ত্রী সের্গেই সইগু এবং চিনের প্রতিরক্ষামন্ত্রী ওয়েই ফেংহে। যৌথবিবৃতিতে দুই দেশ বলেছে, 'রাশিয়া ও চিন সীমান্তে মার্কিন সেনাবাহিনীর গতিবিধি বাড়ছে। আমেরিকার যুদ্ধবিমান স্পর্শকাতর এলাকাগুলিতে নিয়মিত টহল দিচ্ছে। এই পরিস্থিতিতে সামরিক অনুশীলন এবং কৌশলগত সম্পর্ক জোরদার করার সিদ্ধান্ত নিয়েছে চিন-রাশিয়া।' দ্বিপাক্ষিক চুক্তির বয়ান আমেরিকাকে সরাসরি চ্যালেঞ্জ বলে মনে করছে কূটনৈতিক মহল। জো বাইডেন সরকার বা পেন্টাগনের তরফে অবশ্য রুশ-চিন বোঝাপড়া নিয়ে কোনও মন্তব্য করা হয়নি।

প্রতিরক্ষা বিশেষজ্ঞদের মতে, বহু বছর ধরে দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ায় প্রভাব বাড়ানোর চেষ্টা করছে চিন। দক্ষিণে ভারত এবং দক্ষিণ-পূর্বে আমেরিকা-অস্ট্রেলিয়া-জাপানের উপস্থিতি চিনা পরিকল্পনায় বাধা হয়ে দাঁড়িয়েছে। স্থিতাবস্থা ভাঙতে তাই এবার উত্তর-মধ্য এশিয়া ও পূর্ব ইউরোপের দিকে নজর দিয়েছে চিন। এজন্য আমেরিকা-রাশিয়ার দ্বিপাক্ষিক সম্পর্কের ফাটলকে কাজে লাগাচ্ছে শি জিনপিং সরকার। দক্ষিণ-পূর্ব এশিয়া থেকে আমেরিকার চাপ কমাতে বেজিংয়ের এই কৌশল বলে মনে করা হচ্ছে।

চুক্তি সাক্ষরের পর রুশ প্রতিরক্ষামন্ত্রক অভিযোগ করেছে, গত সপ্তাহে তাদের সীমান্তের ২০ কিলোমিটারের মধ্যে চলে এসেছিল মার্কিন বায়ুসেনার অন্তত ২টি যুদ্ধবিমান। ওখোটস্কো সাগর থেকে তারা রাশিয়ার মূল ভূখণ্ডে ক্ষেপণাস্ত্র হামলা চালানোর অনুশীলন করেছে। ওখোটস্কো সাগরে আমেরিকার প্রভাব বিস্তারের চেষ্টাকে চিনের নিরাপত্তার পক্ষেও উদ্বেগজনক বলে উল্লেখ করেন ওয়েই ফেংহে। তিনি বলেন, 'রুশ-চিন জোট আন্তর্জাতিক স্তরে ক্ষমতার ভারসাম্য বজায় রাখার ক্ষেত্রে অন্যতম চালিকাশক্তি হয়ে উঠবে। দুই দেশের বিমান ও নৌবাহিনীর মধ্যে সমন্বয় বাড়াতে বিশেষ পরিকল্পনা করা হয়েছে। ২০২১-'২৫ পর্যন্ত রাশিয়া ও চিনের বাহিনী বছরে একাধিকবার যৌথ মহড়া দেবে।'

আমেরিকা অবশ্য রাশিয়া ও চিনের অভিযোগ খারিজ করে দিয়েছে। পেন্টাগনের এক মুখপাত্র জানান, আন্তর্জাতিক জলসীমায় মহড়া দিয়েছে মার্কিন বায়ুসেনা। মস্কোকে মহড়ার ব্যাপারে আগাম অবগত করা হয়েছিল। তাঁর পালটা অভিযোগ, গত বৃহস্পতিবার জাপান সাগর ও পূর্ব চিন সাগরের ওপর দিয়ে রাশিয়া ও চিনের ২টি করে যুদ্ধবিমান যৌথটহল দিয়েছে। এই ধরনের টহলদারি দক্ষিণ কোরিয়ার নিরাপত্তাকে প্রশ্নের মুখে ফেলবে বলে আমেরিকা জানিয়েছে।

মাইক বিভ্রাটে গুপ্ত কথা ফাঁস

বেঙ্গালুরু, ২৪ নভেম্বর : কংগ্রেস নেতৃত্বের কান লাল করার মতোই ঘটনা। মনের কথা ফাঁস হয়ে গেল মুহূর্তের অসতর্কতায়। এর জন্য মাইক্রোফোনকে দোষ দেবেন নাকি নিজেদের কপালকে, বুঝে উঠতে পারছেন না কর্ণাটকের কংগ্রেসি নেতৃত্ব।

কর্ণাটক প্রদেশ কংগ্রেসের উদ্যোগে বেঙ্গালুরুতে ইন্দিরা গান্ধির মৃত্যু বার্ষিকীর এক অনুষ্ঠানে হাজির ছিলেন প্রাক্তন মুখ্যমন্ত্রী সিদ্দারামাইয়া, সহ কংগ্রেস নেতারা। ইন্দিরার মৃত্যুদিনেই দেশের প্রথম উপপ্রধানমন্ত্রী সর্দার বল্লভভাই প্যাটেলের জন্মদিনও। অনুষ্ঠান মঞ্চে সর্দারের ছবি না দেখে অবাক হন সিদ্দারামাইয়া। কংগ্রেস নেতা শিবকুমারকে সিদ্দারামাইয়া বলেন, ইন্দিরার পাশাপাশি সর্দারের জন্যও স্মরণীয়। দু'জনকেই এদিন শ্রদ্ধা জানানো উচিত। ইন্দিরার সঙ্গে বল্লভভাইয়ের ছবি থাকলে ভালো হত। তাঁর ছবি না থাকায় বিজেপি সমালোচনা করার সুযোগ পাবে। সিদ্দারামাইয়ার কথায় অপ্রস্তুত হয়ে পড়েন শিবকুমার। তিনি তড়িঘড়ি সর্দারের একটি ছবি জোগাড়ের জন্য নির্দেশ দেন এক কর্মীকে।

অস্বস্তিতে কংগ্রেস

ব্যাপারটা হয়তো সেখানেই শেষ হতে পারত, কিন্তু হল না। কারণ, যখন অভ্যন্তরীণ বিষয়ে কথা বলছিলেন, তখন কংগ্রেস নেতাদের খেয়াল ছিল না যে, সামনের মাইক্রোফোনটা চালু রয়েছে। তাঁদের সব কথাই মাইকে শোনা যায়। সম্প্রতি সোশ্যাল মিডিয়ায় সিদ্দারামাইয়া ও শিবকুমারের ওই কথাবার্তাই ছড়িয়ে পড়ে রাজ্যের বিজেপি সাংসদ রেণুকার্যের মাধ্যমে। ভাইরাল হওয়া ভিডিওয় সিদ্দারামাইয়াকে ঝুঁকে কন্নড় ভাষায় বলতে শোনা যায়, 'সর্দার বল্লভভাইয়ের ছবি রাখেননি? আজ তো ওঁর জন্মদিনও বটে।' শিবকুমার বলেন, 'কিন্তু আমরা তো এই ধরনের অনুষ্ঠানে ওঁর ছবি কখনও রাখি না।' সিদ্দারামাইয়াঃ 'কিন্তু বিজেপি তো এর সুযোগ নিতে পারে।' শিবকুমার (কিছুটা অপ্রস্তুত ভাবে)ঃ কখনও তো কাউকে করতে দেখিনি।' এরপর পিছন দাঁড়ানো এক কর্মীকে শিবকুমার গলার স্বর নীচু করে বলেন, 'বল্লভভাইয়ের ছবি আছে তোমাদের কাছে? যাও, নিয়ে এসো।' এরপর তিনি সিদ্দারামাইয়াকে আশ্বস্ত করে বলেন, বল্লভভাইয়ের ছবি রাখার ব্যবস্থা হচ্ছে।

ভিডিও ভাইরাল হতেই আসরে নামে বিজেপি। দলের সাধারণ সম্পাদক সিটি রবি সোনিয়া গান্ধিকে খোঁচা মেরে বলেন, 'কংগ্রেস নেতারা এক জন ইতালীয়কে কত ভয় পান, তা পরিষ্কার। আরও পরিষ্কার যে, সর্দারকে নেহরু-গান্ধি পরিবার কতটা ঘৃণা করে।' কিছুদিন আগে কংগ্রেসের দুই নেতা সাংবাদিকদের সামনেই শিবকুমারের নামে কুটকচালি করতে গিয়ে ধরা পড়েছিলেন একই ভাবে। তাতেও যে তাঁদের শিক্ষা হয়নি, এই ঘটনা আবার প্রমাণ করে দিয়েছে।

||||||| দেশে দেশান্তরে |||||||

ভ্যাটিকানে একদল সন্ন্যাসিনীর সামনে প্রার্থনা পোপ ফ্রান্সিসের। *–এএফপি*

রেকর্ড মূল্যে আইনস্টাইনের পাণ্ডুলিপি

নিলামে উঠল আইনস্টাইনের পাণ্ডুলিপি। প্যারিসের ক্রিস্টিজে তা বিক্রি হল রেকর্ড মূল্য ১ কোটি ৩০ লক্ষ ডলারে। ভারতীয় মুদ্রায় ৯৬ কোটি ৭৭ লক্ষ ২০ হাজার টাকা। পাণ্ডুলিপিটি ছিল আপেক্ষিকতাবাদ নিয়ে। ক্রিস্টিজের ওয়েবসাইটে বলা হয়েছে, সাধারণ আপেক্ষিকতাবাদের একেবারে গোড়ার দিকের যে দুটি হাতে লেখা পাণ্ডুলিপির হদিস মিলেছে, এটি তার অন্যতম। নিলামের শুরুতে এর মূল্য ২৪ থেকে ৩৫ লক্ষ ডলার উঠবে বলে অনুমান করা হলেও সবাইকে ভুল প্রমাণ করে চারগুণ বেশি দামে বিক্রি হয়েছে। আগে নোবেলজয়ী আইনস্টাইনের লেখা 'লেটার অ্যাবাউট দ্য সিক্রেট অফ হ্যাপিনেস' নিলামে বিকিয়েছিল ভারতীয় মুদ্রায় প্রায় সাড়ে ১১ কোটি টাকায়।

হাতির প্রেম



একগুচ্ছ ফুল দিয়ে প্রেমিকার মন জয়ের পরম্পরা চলছে যুগ যুগ ধরে। ভালোবাসার প্রকাশে ফুলের জুড়ি মেলা ভার। তাই বলে হস্তিকুলও পুষ্পপ্রেমিক! তাদেরও এমন রীতি আছে? একেবারে মানুষের ভঙ্গিতে গজরাজের অনুভূতির প্রকাশ দেখে উচ্ছ্বসিত নেটিজেনরা। ইনস্টাগ্রামের একটি ভাইরাল ভিডিওতে দেখা যাচ্ছে, একগুচ্ছ ফুল একটি পুরুষ হাতি ধীর পায়ে এগিয়ে দিচ্ছে এক হস্তিনীকে। ঠিক মানুষের মতো শুঁড়ে করে ফুল প্রেমিকাকে এগিয়ে দেওয়ার সময় পরম যত্নে সেই ফুল গ্রহণ করেছে প্রেমিকা। পা মুড়ে প্রেমে সায় দিয়েছে হস্তিনী। এমন প্রেম অবিশ্বাস্য মনে হলেও ছবি কিন্তু বুঝিয়ে দিয়েছে হস্তি-হস্তিনীর প্রেম কত গাঢ়। নেটাগরিকরা বলছে, 'ভালোবাসার জয় হোক'। এই হাতির প্রেম নিবেদনের দৃশ্য মন জয় করেছে লক্ষ লক্ষ মানুষের। হ্যাশট্যাগ এলিফ্যান্টসঅফওয়ার্ল্ড ভিডিওটি শেয়ার করে প্রশংসা কুড়িয়েছে।

জম্মুর সীমান্তে মহিলা নিরাপত্তাবাহিনী কর্তব্যে অবিচল। বুধবার। *–পিটিআই*

গারলিক-জিঞ্জার গুলিয়ে গেল পাক মন্ত্রীর

ইংরেজিতে জিঞ্জার হল আদা আর গারলিক বলা হয় রসুনকে। জিনিসপত্রের বেমক্কা দাম নিয়ে বলতে গিয়ে ইংরেজি গুলিয়ে ফেললেন পাকিস্তানের তথ্য ও সম্প্রচারমন্ত্রী ফাওয়াদ চৌধুরী। পেঁয়াজের ইংরেজি ঠিক বলেছিলেন। ভুল হল রসুনের ক্ষেত্রে। গারলিকে ঠোক্কর খেয়ে নিজেই বলেন, গারলিক মানে কী যেন...। তারপরই বলেন আদরক। রসুনকে আদা বানিয়ে ফেললেন! মাত্র ২৭ সেকেন্ডের ভিডিও। তাতেই হেসে লুটোপুটি নেটিজেনরা। অনেকেই কটাক্ষ করেছেন মন্ত্রীমশাইয়ের এহেন ইংরেজি শুনে। একজন জানতে চেয়েছেন, ফাওয়াদের স্কুলের নাম। কয়েকজন মজা করে লিখেছেন, 'রোজ কত নতুন নতুন শব্দ শিখছি।'

ব্যান্ডের আওয়াজে মৃত্যু ৬৩ মুরগির, এফআইআর

করোনারবিধি অনেকেই মানছেন না। বিয়েবাড়িতে আরও বেশি। বিয়েবাড়িতে ডিজে-ব্যান্ড বাজানো, পটকা ফাটানো, গান, নাচ ও আতশবাজির রোশনাই রোজনামচা হয়ে দাড়িয়েছে। এমনই এক বিয়ের অনুষ্ঠানে ডিজের শব্দে ৬৩টি মুরগির মৃত্যু হয়েছে বলে অভিযোগ। ওড়িশার পূর্বাঞ্চলের ঘটনা। পোলট্রি ফার্মের মালিক রঞ্জিত পরিদার দাবি, ব্যান্ড অপারেটরদের আস্তে বাজানোর অনুরোধ জানিয়েছিলেন। উত্তরে বরের বন্ধুরা আরও চিৎকার করেছিলেন। ভয়ংকর শব্দে হৃদরোগে আক্রান্ত হয় তারা। বিবাহ ব্যান্ডপার্টির বিরুদ্ধে থানায় অভিযোগ দায়ের করা হয়েছে। প্রাণীবিদ্যার অধ্যাপক সূর্যকান্ত মিশ্র জানিয়েছেন, উচ্চ শব্দ পাখিদের হৃদরোগের ঝুঁকি বাড়ায়। এক্ষেত্রেও এমন ঘটনা ঘটতে পারে।